


Professor Dr. Bazlur Rashid Khan
Dean, Faculty of Fine Arts
Jagannath University
9-10 Chittaranjan Avenue, Dhaka-1100.
Phone: +880241055021



অধ্যাপক ড. বজলুর রশীদ খান
ডিন, চারুকলা অনুষদ
জগন্নাথ বিশ্ববিদ্যালয়
৯-১০ চিত্তরঞ্জন অ্যাভিনিউ, ঢাকা-১১০০।
ফোন: +৮৮০২৪১০৫৫০২১

সূত্র: জবি/ডিন/চাঅ/২০২৬/২১৯


তারিখ: ২৮/০৫/২০২৬

বিজ্ঞপ্তি

‘জগন্নাথ ইউনিভার্সিটি জার্নাল অব ফাইন আর্টস’ খণ্ড-০১, সংখ্যা-০১

‘Jagannath University Journal of Fine Arts’ Volume-01, Number-01

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদ প্রথমবারের মতো একাডেমিক জার্নাল প্রকাশ করতে যাচ্ছে। জগন্নাথ ইউনিভার্সিটি জার্নাল অব ফাইন আর্টস (Jagannath University Journal of Fine Arts) নামে জার্নালটি প্রকাশিত হবে। ‘জগন্নাথ ইউনিভার্সিটি জার্নাল অব ফাইন আর্টস খণ্ড-০১, সংখ্যা-০১ (Volume-01, Number-01) প্রকাশের জন্য চারুকলা সম্পর্কিত গবেষণামূলক প্রবন্ধ আহ্বান করা যাচ্ছে। অগ্রহীদের আগামী ২০ জুলাই ২০২৬ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দুই কপি গবেষণা প্রবন্ধের হার্ডকপি সরাসরি/ডাকযোগে এবং অনুমদীয় ই-মেইল office@finearts.jnu.ac.bd এ প্রবন্ধের সফটকপি প্রেরণের অনুরোধ করা হলো। [নিয়মাবলী সংযুক্ত]


২৮/০৫/২০২৬
Professor Dr. Bazlur Rashid Khan
Dean
Faculty of Fine Arts
Jagannath University, Dhaka

অধ্যাপক ড. বজলুর রশীদ খান
প্রধান সম্পাদক

জগন্নাথ ইউনিভার্সিটি জার্নাল অব ফাইন আর্টস [খণ্ড-০১, সংখ্যা-০১]

ও

ডিন

চারুকলা অনুষদ

জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।

বিতরণ:

০১. সকল ডিন/বিভাগ/ইনস্টিটিউট, জবি।
০২. নোটিশ বোর্ড।

অনুলিপি (অবগতি ও কার্যার্থে):

০১. পরিচালক, আইসিটি সেল (ওয়েব সাইটে আপলোড করার জন্য), জবি।
০২. ডেপুটি রেজিস্ট্রার/পি.এস.টু ভিসি (ভিসি মহোদয়ের অবগতির জন্য), জবি।
০৩. ডেপুটি রেজিস্ট্রার/পি.এস.টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের অবগতির জন্য), জবি।
০৪. ডেপুটি রেজিস্ট্রার (ব্যক্তিগত শাখা, রেজিস্ট্রার মহোদয়ের অবগতির জন্য), জবি।
০৫. অফিস কপি।



সূত্র: জবি/ডিন/চাঅ/২০২৬/২০৮

তারিখ: ২৪/০৫/২০২৬

চারুকলা অনুষদের জার্নালের সম্পাদকীয় নীতিমালা

১. চারুকলা অনুষদ-ভুক্ত বিষয়সমূহ এবং এর সঙ্গে সংশ্লিষ্ট যে-কোনো বিষয়ের মৌলিক গবেষণা-জিজ্ঞাসা [Research question] ও গবেষণা-ফল [Research result]। সংবলিত বাংলা অথবা ইংরেজি ভাষায় রচিত গবেষণা-প্রবন্ধ প্রকাশের জন্য বিবেচিত হয়। গবেষণাকর্মের ভূমিকা [Introduction], পদ্ধতি [Methodology], উদ্দেশ্য [Objectives] এবং গুরুত্ব ও ফলাফল [Importance and Results] প্রবন্ধে সুস্পষ্টভাবে প্রতিপাদিত হওয়া আবশ্যিক।
২. গবেষণা-সংক্ষেপ [Abstract]: প্রবন্ধের শুরুতে অনধিক ২৫০ শব্দের গবেষণা-সংক্ষেপ [Abstract] ইংরেজি ভাষায় লিখতে হবে। এতে গবেষণার লক্ষ্য, জিজ্ঞাসা, পদ্ধতি ও প্রাপ্তি সম্পর্কে সংক্ষেপে স্পষ্ট ধারণা থাকা বাঞ্ছনীয়।
৩. চাবিশব্দ [Keywords]: গবেষণা-সংক্ষেপ-এর পর ৫টি চাবিশব্দ/Keywords সংযুক্ত করতে হবে।
৪. মুদ্রণ-নির্দেশনা [Format]: মূল রচনা, উদ্ধৃতি, টীকা, রচনাপঞ্জিসহ প্রবন্ধের শব্দসংখ্যা হবে ৩০০০ থেকে ৫০০০ পর্যন্ত। A4 আকার কাগজের প্রতি পৃষ্ঠার চারদিকে ১ ইঞ্চি পরিমাপে মার্জিন রেখে অক্ষরবিন্যাস [Composel] করতে হবে। বাংলায় লেখা প্রবন্ধের ক্ষেত্রে SutonnyMJ এবং ইংরেজির ক্ষেত্রে Times New Roman ফন্ট ব্যবহার করতে হবে। বাংলায় লেখা প্রবন্ধের ফন্টের আকার ১৪, ইংরেজিতে লেখা প্রবন্ধের ফন্টের আকার ১৩ রাখতে হবে। বাংলায় লেখা প্রবন্ধে ব্যবহৃত উদ্ধৃতি ও লাইনের বেশি হলে ফন্টের আকার ১২ এবং ইন্ডেন্ট [Indent] করতে হবে; এক্ষেত্রে ইংরেজি উদ্ধৃতির ফন্টের আকার হবে ১১।
৫. তথ্য-নির্দেশ [Citation]: বাংলা প্রবন্ধের ক্ষেত্রে-Chicago Manual of Style; ইংরেজির ক্ষেত্রে-[Literature] MLA Style Sheet (9th ed.), [Linguistics] APA (7th ed.)। তথ্য-নির্দেশের বিস্তারিত সংযুক্ত রয়েছে।
৬. অঙ্গীকারনামা: প্রবন্ধটি কোথাও প্রকাশিত হয়নি বা প্রকাশের জন্য প্রেরণ করা হয়নি-এই মর্মে প্রাবন্ধিক পৃষ্ঠায় একটি অঙ্গীকারনামা প্রদান করবেন। মূল প্রবন্ধের কোথাও লেখকের নাম যুক্ত করা যাবে না। দুই কপি মুদ্রিত প্রবন্ধ সরাসরি/রেজিস্টার্ড ডাকযোগে এবং সফটকপি [ওয়ার্ড ও পিডিএফ] অনুষদীয় ই-মেইলে office@finearts.jnu.ac.bd প্রেরণ করবেন।
৭. কৃষ্টীলকবৃত্তি/প্রেজিয়ারিজম [Plagiarism]: কৃষ্টীলকবৃত্তি সনাক্ত-পরীক্ষায় উত্তীর্ণ প্রবন্ধ বিশেষজ্ঞের মূল্যায়নের জন্য প্রেরণ করা হবে। গবেষণা-নৈতিকতার বিচ্যুতি [ঋণস্বীকার/তথ্যবিকৃতি]। পরিলক্ষিত হলে সম্পাদনা পর্ষদ যে-কোনো পর্যায়ে লেখা বাতিলের অধিকার সংরক্ষণ করে।
৮. বানানরীতি: বাংলা প্রবন্ধের ক্ষেত্রে বাংলা একাডেমি প্রবর্তিত প্রমিত বাংলা বানানরীতির সর্বশেষ সংস্করণ অনুসরণীয়।
৯. মূল্যায়ন পদ্ধতি: গবেষণাকর্মের তাৎপর্য বিবেচনা করে সম্পাদনা-পর্ষদ তা দু-জন বিশেষজ্ঞের কাছে মূল্যায়নের জন্য প্রেরণ করবেন। গবেষণা-প্রবন্ধের প্রকাশযোগ্যতার ক্ষেত্রে বিশেষজ্ঞের মতামতই চূড়ান্ত।
১০. জমাকৃত পাণ্ডুলিপি ফেরতযোগ্য নয়। প্রকাশিত প্রবন্ধের জন্য নিয়মানুযায়ী লেখক-সম্মানী ও সৌজন্য কপি প্রদান করা হবে।

Rashid 24/05/2026

অধ্যাপক ড. বজলুর রশীদ খান Professor Dr. Bazlur Rashid Khan
ডিন Dean
চারুকলা অনুষদ Faculty of Fine Arts
জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা-১১০০। Jagannath University, Dhaka